

# সিরাজগঞ্জের খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা

অনলাইন ডেস্ক



সিরাজগঞ্জের এনায়েতপুরে অবস্থিত খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়। ছবি : সংগৃহীত।

কেন্দ্রীয় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থায় জটিলতার কারণে সিরাজগঞ্জের এনায়েতপুরে অবস্থিত খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়ের সব একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে।

বুধবার (২২ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. মিজানুর রহমান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, সব শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয়

বিদ্যুৎ সরবরাহ কেন্দ্রে জটিলতার কারণে ২২  
এপ্রিল দুপুর ১টা থেকে ২৫ এপ্রিল পর্যন্ত  
বিশ্ববিদ্যালয়ের সব একাডেমিক ও প্রশাসনিক  
কার্যক্রম বন্ধ থাকবে।

এতে আরো উল্লেখ করা হয়, এরপর থেকে  
বিশ্ববিদ্যালয়ের সব একাডেমিক ও প্রশাসনিক  
কার্যক্রম যথানিয়মে চলবে।

এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের ভর্তি কার্যক্রম  
আগামীকাল বৃহস্পতিবার যথারীতি চলবে।